

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৪.৩০.০০১.১৮: ২৭৫৪

তারিখঃ ২৭/০৬/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ এসি রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনাদের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন কমিশন কর্তৃক গৃহীত হওয়ায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)'র এসি রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কাজে আগামী ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য তালিকাভুক্ত করা হলো :-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	M/S Refrizeration Work	রোড-১১, বাড়ী-৬, দোকান-১, ডিআইটি প্রজেক্ট, মেরুল বাড্ডা, ঢাকা।
২.	Comfort Power Technology Limited	বাড়ী-৫৬৩/১(২য় তলা), বরু-সি, খিলগাঁও, ঢাকা।
৩.	Perfect power System	বাড়ী-২৬২, ল্যান-১৯, লেক রোড, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৪.	Karim Refrizeration	৭ ধানমন্ডি, গ্রীন রোড, ঢাকা।

শর্তাবলী :

১. অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
২. এসি মেরামতের লক্ষ্যে কমিশন কর্তৃক দরপত্র/সীমিত দরপত্র আহ্বান করা হলে সময়মত দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
৩. এসি সমস্যা/বিকল হলে দরপত্র আহ্বানের পূর্বে কোন এসি সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হলে কোন প্রকার মজুরী ছাড়াই কমিশনের কার্যালয়ে এসে বিটিআরসি'র কর্মকর্তার উপস্থিতিতে এসি পরিদর্শন করতে হবে।
৪. মেরামতের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে মেরামত কাজ সম্পাদন করতে হবে।
৫. নির্ধারিত সময়ের মধ্যে এসি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন না হলে প্রতি দিনের জন্য মোট বিলের অর্থ হতে ৫% (শতকরা পাঁচ টাকা) হারে জরিমানা করা হবে যা পরবর্তীতে বিল হতে সমন্বয় করা হবে।
৬. এসি মেরামতে কোন প্রকার অনিয়ম, অসাধুতা, কারচুপি বা অসদাচারণ অবলম্বন করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. কার্যাদেশ অনুযায়ী কোন এসি'র মেরামতের কার্য সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত কাজে পুনরায় একই সমস্যা পরিলক্ষিত হলে ঐ কাজ পুনরায় সম্পাদন করে দিতে হবে এক্ষেত্রে কোন অতিরিক্ত মজুরী/বিল প্রদান করা হবে না।
৮. তালিকাভুক্ত প্রতিষ্ঠান যদি কোন সরকারী প্রতিষ্ঠানে কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে সংশ্লিষ্ট এসি রক্ষণাবেক্ষণ/মেরামতকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বলে গন্য হবে।

৯. কার্যাদেশ অনুযায়ী কোন কাজ সম্পন্ন করার পর বিল দাখিল করলে কমিশনের প্রচলিত বিধি মোতাবেক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১০. সুষ্ঠু ও সন্তোষজনক ভাবে মেরামত কাজ সমাধা করা হয়েছে এই মর্মে কর্তৃপক্ষের অনুমোদিত কর্মকর্তার সার্টিফিকেট গ্রহণ করতে হবে। উল্লেখ্য সার্টিফিকেট ব্যতীত কোন বিল পরিশোধ করা হবে না।
১১. কার্যাদেশ ও বিল পরিশোধের ক্ষেত্রে সরকারী সকল নিয়ম-নীতি অনুসরণ করা হবে।
১২. এসি মেরামতের বিল হতে সরকারী বিধি অনুযায়ী ভ্যাট, ট্যাক্স কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।
১৩. কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে তালিকাভুক্তির মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৫৫৪৬৮৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি।
২. চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. -----
৪. অফিস কপি।